



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.১১.০০৯.১৯.১৮০

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭

২৮ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি (ক): বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

আলোচ্য সূচি (খ): ২০/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

ক্র নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত
১.	ব্রি'র ৫০ বছরের সুবর্ণ জয়ন্তীর হালনাগাদ সকল খবরাখবর প্রকাশের জন্য ওয়েবপেজ তৈরি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনী অনুষ্ঠান অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন বিষয়ক প্রস্তুতি ও অগ্রগতি পর্যালোচনা;	ব্রি'র ৫০ বছরের সুবর্ণ জয়ন্তীর হালনাগাদ সকল তথ্য প্রকাশের জন্য ইতোমধ্যে ওয়েবপেজ তৈরি করা হয়েছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনী অনুষ্ঠান অনলাইন প্ল্যাটফর্মে আয়োজনের জন্য সংশ্লিষ্ট ভেন্ডরের সাথে আলোচনা ও সম্ভাব্য ব্যয়ের খাত সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনী অনুষ্ঠানের তারিখ ও সময় পাওয়া মাত্র পরবর্তী প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।
২.	আইসিটি নীতিমালা-২০১৮ মোতাবেক কৃষি সংশ্লিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে ব্রি'র করণীয় ও অগ্রগতি পর্যালোচনা	আইসিটি নীতিমালা-২০১৮ মোতাবেক কৃষি সংশ্লিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে ব্রি'র করণীয় চিহ্নিত করা হয়েছে এবং করণীয় মোতাবেক পর্যায়ক্রমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে।
৩.	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৮.১ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ জাতীয়/আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়ন এবং ১২.১ ও ১২.২ অনুযায়ী সেবা পদ্ধতি সহজিকরণ পাইলটিং ও সারা দেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন এর প্রক্রিয়া ও বাজেট নির্ধারণ বিষয়ক আলোচনা	উদ্ভাবনী উদ্যোগ জাতীয়/আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়ন এবং সেবা পদ্ধতি সহজিকরণ পাইলটিং ও সারা দেশে সম্প্রসারণ/রেপ্লিকেশনের ক্ষেত্রে নির্ধারিত উদ্যোগসমূহের বাজেট প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪.	ব্রি'তে অনলাইনে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) প্রক্রিয়া আরো জোরদারকরণ বিষয়ক আলোচনা	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে সকল বিভাগ/শাখা/আ.কা. প্রধানের উপস্থিতিতে একটি অবহিতকরণ কর্মশালা / ইন-হাউজ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত হয়েছে।
৫.	বিবিধ	<p>৫.১ 'ব্রি আলাপন' টেলিফোন ডিরেক্টরি মোবাইল অ্যাপসে 'Vehicle Management System (VMS)' নামক ১টি মেনু যুক্ত করে একই অ্যাপসে দুইটি সেবা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।</p> <p>৫.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৯.১ অনুযায়ী উদ্ভাবক / ইনোভেশন টিমের সদস্যগণকে প্রশংসাসূচক সনদপত্র প্রদানের অংশ হিসেবে প্রস্তুতকৃত সনদপত্র মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরের জন্য উপস্থাপন করতে হবে।</p> <p>৫.৩ 'ব্রি রাইস ডক্টর' মোবাইল ও ওয়েব অ্যাপসের হোমপেজ ও ফন্ট আরো আকর্ষণীয় এবং এক্ষেত্রে ইরি'র রাইস ডক্টর-এর হোমপেজ অনুসরণপূর্বক হালনাগাদ ও নির্ভুল তথ্য সংযোজন করতে হবে।</p> <p>৫.৪ প্রতি মাসে নিয়মিতভাবে ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে।</p>

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৮-৯-২০২০

ড. মোঃ ইসমাইল হোসেন
চিফ সাইন্টিফিক অফিসার

ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.১১.০০৯.১৯.১৮০/১(৪)

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭
২৮ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি:

- ১) পিএ/স্টেনোগ্রাফার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ২) পরিচালক (গবেষণা) এর ব্যক্তিগত সহকারী গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৩) পরিচালক (প্রশাসন ও সা.প.) এর ব্যক্তিগত সহকারী, প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৪) সংশ্লিষ্ট নথি

ইসমাইল হোসেন

২৮-৯-২০২০

ড. মোঃ ইসমাইল হোসেন
চিফ সাইন্টিফিক অফিসার